

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, খুলনা  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন  
www.khulna.gov.bd

**গণ-বিজ্ঞপ্তি**


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি আ.স.ম. জামশেদ খোন্দকার, জেলা প্রশাসক, খুলনা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫/ ২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৪ পৌষ ১৪৩২ ২৯ ডিসেম্বর ২০২৫	সোমবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৫-২০ পৌষ ১৪৩২ ৩০ ডিসেম্বর ২০২৫ - ০৪ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার-রবিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের তারিখ	:	২১-২৫ পৌষ ১৪৩২ ০৫-০৯ জানুয়ারি ২০২৬	সোমবার-শুক্রবার
আপিল নিষ্পত্তির তারিখ	:	২৬ পৌষ-০৪ মাঘ ১৪৩২ ১০-১৮ জানুয়ারি ২০২৬	শনিবার-রবিবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৬ মাঘ ১৪৩২ ২০ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার
প্রতীক বরাদ্দের তারিখ	:	০৭ মাঘ ১৪৩২ ২১ জানুয়ারি ২০২৬	বুধবার
ভোটগ্রহণের তারিখ	:	২৯ মাঘ ১৪৩২ ১২ ফেব্রুয়ারি ২০২৬	বৃহস্পতিবার

আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭.৩০ ঘটিকা হইতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১০২ খুলনা-৪ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৯ ডিসেম্বর ২০২৫/ ১৪ পৌষ ১৪৩২ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিঘলিয়া/রূপসা/তেরখাদা, খুলনা) মনোনয়নপত্র গৃহীত হবে।

তারিখ: ১ ৮ দিন ১ ২ মাস ২ ০ ২ ৫ বৎসর



(আ.স.ম. জামশেদ খোন্দকার)  
জেলা প্রশাসক, খুলনা

ও

রিটার্নিং অফিসার

নির্বাচনী এলাকা ১০২ খুলনা-৪

ফোনঃ ০২৪৭৭২১১১১ (অফিস)

Email: dckhulna@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৭০০.০০০.০২১.০৪.০০০৫.২৫-১৫২৭(১৬)

তারিখঃ

২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
১১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা।
- ৪। উপমহাপুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৬। পুলিশ সুপার, খুলনা।
- ৭। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, খুলনা।
- ৮। জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি, খুলনা।
- ৯। উপ প্রধান তথ্য কর্মকর্তা পিআইডি, খুলনা/ পরিচালক, জেলা তথ্য অফিস, খুলনা (১০২ খুলনা-৪ নির্বাচনী এলাকায় জনসাধারণের মাঝে বহল প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, দিঘলিয়া/রূপসা/তেরখাদা, খুলনা ও সহকারী রিটার্নিং অফিসার, নির্বাচনী এলাকা ১০২ খুলনা-৪।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার, দিঘলিয়া/রূপসা/তেরখাদা, খুলনা।
- ১২। অফিসার ইন চার্জ, দিঘলিয়া/রূপসা/তেরখাদা, খুলনা।
- ১৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দিঘলিয়া/রূপসা/তেরখাদা, খুলনা।
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, খুলনা প্রেস ক্লাব, খুলনা।
- ১৫। নোটিশ বোর্ড।

  
১১/১২/২০২৫

(আ.স.ম. জামশেদ খান্দকার)

জেলা প্রশাসক, খুলনা

ও

রিটার্নিং অফিসার

নির্বাচনী এলাকা ১০২ খুলনা-৪